দৈনিক বাংলা

তারিখ 28/6/79
পৃষ্ঠা 1 কলাম 6



# কবি বন্দে আলী মিয়ার ইন্তেকাল

(নিজস্ব সংবাদদাতা)

রাজশাহী, ২৭শে জুন।—আজ সকাল সাড়ে ১১টায় কবি বন্দে আলী মিয়া ইন্তেকাল করেন (ইন্না......রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

কবি বন্দে আলী মিয়া ১৯০৬ সালে পাবনা জেলার রাধানগরে জন্মগ্রহণ করেন। তিনি তাঁর বিখ্যাত উপন্যাস ময়নামতির চরের জন্য ১৯৬৫ সালে প্রেসিডেন্ট পুরস্কার পান। তাঁর লেখা শিশুদের নাটক, উপন্যাস, রূপকথার গল্প, ছোট গল্প ইত্যাদি নিয়ে শতাধিক গ্রন্থ প্রকাশিত হয়েছে। আরো বহু পান্ডুলিপি প্রকাশিত হওয়ার পথে।

কবি বন্দে আলী মিয়া মৃত্যুকালে তিন পত্নী, বহু সন্তান সন্ততি ও গুণগ্রাহী রেখে গেছেন।

**প্রেসিডেন্টের শোক**

প্রেসিডেন্ট জিয়াউর রহমান কবি বন্দে আলী মিয়ার মৃত্যুর খবর পেয়ে গভীর শোক প্রকাশ করেছেন।

তিনি আজ রাজশাহী থেকে ঢাকা রওনা হওয়ার প্রাক্কালে এক শোকবাণীতে বলেন, কবিতা ও সাহিত্যে কবির অবদানের কথা জাতি কখনো

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## কবি বন্দে আলী

(১-এর পৃঃ পর)

বিস্মৃত হবে না।

প্রেসিডেন্ট কবির শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সহানুভূতি জানান এবং মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন।

**শোকসভা**

শিশু-কিশোর সংগঠন ফুলকুঁড়ি আসর কবি বন্দে আলী মিয়ার মৃত্যুতে খবর র এক শোকসভার আয়োজন করে। বিভিন্ন বক্তা তাঁর জীবন ও সাহিত্যাদর্শ সম্পর্কে আলোচনা করেন। খবর বিজ্ঞপ্তির।